রেজিস্টার্ড ডাকযোগে

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নম্বর ১৭.০০.০০০০.০১৬.১১.০৩০.২৫(অংশ-১)-৩৭

তারিখঃ ২৭ পৌষ ১৪৩২ / ১১ জানুয়ারি ২০২৬

## নিয়োগপত্র

বিভাগীয় নির্বাচন কমিটির ০৮/০১/২০২৬ তারিখের সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষ অনুমোদনের পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৩ অনুযায়ী নির্বাচন কমিশন সচিবালয়ের রাজস্ব খাতভুক্ত **পরিচ্ছন্নতাকর্মী** পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ২০তম গ্রেড: ৮,২৫০-২০,০১০/- বেতনক্রমে অপেক্ষমাণ তালিকা হতে নিম্নলিখিত প্রার্থীকে অস্থায়ীভাবে বর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

| অপেক্ষমান তালিকার ক্রমিক | মেধাক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ১৫ | 29001072 | নাম: মোঃ ইমরান হোসেন<br>পিতা: মফিজ উল্যা<br>মাতা: তুহিন আক্তার | গ্রাম: গোপিয়ার খীল<br>পো: মান্দারী বাজার-৩৭০৩<br>উপজেলা/থানা: লক্ষ্মীপুর সদর<br>জেলা: লক্ষ্মীপুর | গ্রাম: গোপিয়ার খীল<br>পো: মান্দারী বাজার-৩৭০৩<br>উপজেলা/থানা: লক্ষ্মীপুর সদর<br>জেলা: লক্ষ্মীপুর |

শর্তাবলীঃ

০/c

(১) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। এই নিয়োগ নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ে বদলিযোগ্য হিসেবে স্বীকৃত;

(২) চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র এবং আবেদনপত্রের (Applicant's Copy) সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে;

(৩) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;

(৪) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে এ পদে যোগদানের সময় নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে স্বাস্থ্য পরীক্ষার সনদ এবং ডোপটেস্টের রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

(৫) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

(৬) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;

(৭) চাকরিতে তাদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;

(৮) শিক্ষানবিশকালে তার চাকরি সন্তোষজনক বিবেচিত না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে ১৪ দিনের মূল বেতন প্রদান করে চাকরিচ্যুত করা যাবে;

(৯) শিক্ষানবিশকালে তার চাকরি সন্তোষজনক বিবেচিত না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে ১৪ দিনের মূল বেতন প্রদান করে চাকরিচ্যুত করা যাবে। এছাড়া, তিনি যদি স্বেচ্ছায় চাকরি হতে ইস্তফা বা অব্যাহতি পেতে চান তবে ১৪ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমাদানসহ প্রশাসনিক অনুমোদনের মাধ্যমে অব্যাহতি নিতে পারবেন;

জারীকৃত

২৫৯
নথি ১১/০১/২৬

(১০) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ এবং স্থায়ী ঠিকানা সম্পর্কে পুলিশ প্রতিবেদন (Verification) সংগ্রহ করা হবে। কোনো মিথ্যা তথ্য প্রদান করা হলে বা পুলিশ প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল মর্মে গণ্য হবে;

(১১) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো 'বিষয়' প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে:

(১২) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ২২ জানুয়ারি, ২০২৬ তারিখ সকাল ১০:০০ টায় সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [দৃ: আ: উপসচিব (জনবল ব্যবস্থাপনা-২)] বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১১/০১/২০২৬

দেওয়ান মোঃ সারওয়ার জাহান
উপসচিব
জনবল ব্যবস্থাপনা অধিশাখা-২
ফোন: ০২-৫৫০০৬৫১২

প্রাপকঃ নাম: মোঃ ইমরান হোসেন
পিতা: মফিজ উল্যা
মাতা: তুহিন আক্তার
গ্রাম: গোপিয়ার খীল, পো: মান্দারী বাজার-৩৭০৩
উপজেলা/থানা: লক্ষ্মীপুর সদর, জেলা: লক্ষ্মীপুর

স্মারক নম্বর ১৭.০০.০০০০.০১৬.১১.০৩০.২৫(অংশ-১)-৩৭

তারিখঃ ২৭ পৌষ ১৪৩২
১১ জানুয়ারি ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৩. যুগ্মসচিব ------------------------------------------ (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৪. মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা;
৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, -------------------------------- (সকল);
৭. উপসচিব/উপপ্রধান/পরিচালক, ----------------------------------- (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৮. সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা, ........................................... (সকল);
৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএন্ডএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা;
১০. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ........................................... (সকল);
১১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য);
১২-১৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .......................................................এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য);
১৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৭. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব,..............................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
১৮. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, ........................................................... (সকল); এবং
১৯. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ........................................................... (সকল)।

১১/০১/২০২৬

(মোঃ নাজমুল কবীর)
সিনিয়র সহকারী সচিব (জ.ব্য.-২)